

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
জৈন্তাপুর, সিলেট।
www.dwa.jaintiapur.sylhet.gov.bd

স্মারক নং: ৩২.০১.০০০০.৯১৫৩.০০০.২৫.০০১.২১-১১১

তারিখ: ২৩.০৮.২০২১ খ্রিঃ

প্রশিক্ষণার্থী ভর্তি বিজ্ঞপ্তি

মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ” শীর্ষক প্রকল্পের আওতায় সিলেট জেলাধীন জৈন্তাপুর উপজেলায় নিম্নবর্ণিত ট্রেডে দরিদ্র ও সুবিধা বঞ্চিত মহিলাদের আয়বর্ধক প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। প্রশিক্ষণ গ্রহণে আগ্রহী মহিলাদের নিকট থেকে নিম্ন বর্ণিত শর্তাবলী অনুসারে অনলাইনে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক	ট্রেডের নাম	প্রশিক্ষণের মেয়াদ	আসন সংখ্যা	যোগ্যতা
১	২	৩	৪	৫
০১	ফ্যাশন ডিজাইন	০৩ মাস মেয়াদী ৬০ দিন ব্যাপী	২৫ জন	দরিদ্র, বিধবা, স্বামী পরিত্যক্তা ও সুবিধা বঞ্চিত নারী
০২	ক্রিস্টাল শো-পিচ ও ডেকোরেটেড কেভেল মেকিং (মোমবাতি)	সর্বমোট: ৩৬০ ঘন্টা	২৫ জন	

- প্রশিক্ষণে অংশগ্রহণ করতে ইচ্ছুক আগ্রহী প্রার্থীকে আইজিএ প্রকল্পের ওয়েবসাইট <http://iga.dwa.gov.bd> এর মাধ্যমে অনলাইনে আবেদনপত্র পূরণ করতে হবে। Online এ আবেদনপত্র পূরণের নিয়মাবলী প্রকল্পের ও অত্র দপ্তরের ওয়েবসাইটে দেওয়া আছে। আবেদনের জন্য কোন ফি দিতে হবে না।
 - আগামী ২৪.০৮.২০২১ খ্রিঃ সকাল ০৯.০০ ঘটিকা হতে ০৯.০৯.২০২১ খ্রিঃ তারিখ রাত ১২.০০ ঘটিকা পর্যন্ত Online এ আবেদনপত্র পূরণ করা যাবে। পূরণকৃত আবেদনপত্র আবশ্যিকভাবে ডাউনলোড করে প্রিন্ট করে নিতে হবে।
 - প্রার্থী তার রজিষ্টার ছবি (দৈর্ঘ্য ৩০০ X প্রস্থ ৩০০ Pixel) স্ক্যান করে আবেদনপত্রের নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ৩০০ KB হবে।
 - আবেদন পত্রের প্রিন্ট ছবি জমাদানের সর্বশেষ তারিখ ১২.০৯.২০২১ খ্রিঃ বিকাল: ০৪.০০ ঘটিকা পর্যন্ত। উল্লেখ্য উক্ত তারিখ ও সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।
 - আবেদনপত্র বাংলায় পূরণ করতে হবে (কেবলমাত্র ইংরেজিতে পূরণের নির্দেশনা ব্যতিরেকে)।
- প্রার্থীর বয়স ১৬ হতে ৪৫ বছর হতে হবে।
- অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের প্রিন্ট কপিতে প্রার্থীর স্বহস্তে স্বাক্ষর পূর্বক ০২ (দুই) কপি মূল আবেদনপত্র উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, জৈন্তাপুর, সিলেট-এ নির্ধারিত তারিখের মধ্যে জমা দিতে হবে।
- অনলাইনে আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও নির্ধারিত তারিখের মধ্যে আবেদনপত্রের প্রিন্ট কপি উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে জমা না দেয়া পর্যন্ত কোন অবস্থাতেই আবেদনপত্র বিবেচনাযোগ্য হবে না। ছবি ও স্বাক্ষরবিহীন আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- বিজ্ঞপ্তিতে বর্ণিত আসন সংখ্যা হ্রাস/বৃদ্ধি বা ট্রেড বাতিল/সংশোধন বা সংযোজন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- প্রশিক্ষণার্থী বাছাই ও ভর্তির ক্ষেত্রে উপজেলা প্রশিক্ষণার্থী নির্বাচন/বাছাই কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন সময় প্রশিক্ষণার্থীর ভর্তি প্রক্রিয়া স্থগিত/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।
- অসম্পূর্ণ/ত্রুটিযুক্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- নির্ধারিত সময়ের মধ্যে Online এ আবেদন করা না হলে পরবর্তীতে কোনক্রমেই আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- আবেদনপত্র জমাদান ও ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, জৈন্তাপুর, সিলেট ও অত্র দপ্তরের ওয়েবসাইট <http://dwa.jaintiapur.sylhet.gov.bd> তে পাওয়া যাবে।

(স্বাক্ষর)
23/08/2021

(তাসলিমা)

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (অ.দা)
জৈন্তাপুর, সিলেট।